Lens Asia

২৩ আগস্ট, ২০২৬

# ঋণ জালিয়াতি: পদ্মা ব্যাংকের সাবেক এমডিসহ ১০ জনের বিরুদ্ধে মামলা

সংগৃহীত ছবি

জাল কাগজপত্র ব্যবহার করে ঋণের নামে পদ্মা ব্যাংকের প্রায় ২ কোটি টাকা আত্মসাতের অভিযোগে ব্যাংকটির সাবেক ব্যবস্থাপনা পরিচালক (এমডি) আব্দুল মোতালেব পাটোয়ারীসহ ১০ জনের বিরুদ্ধে মামলা করার অনুমোদন দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

রোববার (২৩ আগস্ট) দুদকের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত এক সভায় মামলাটির অনুমোদন দেওয়া হয়। দুদকের জনসংযোগ কর্মকর্তা মো. আকতারুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।

দুদকের তথ্যমতে, এমএইচ এন্টারপ্রাইজের কর্ণধার মমিনুর রহমান ভুয়া কাগজপত্র তৈরি করে ব্যাংক থেকে অর্থ নেন। এ ঘটনায় সহযোগিতার অভিযোগে পদ্মা ব্যাংকের সাবেক এমডিসহ মোট ১০ জনকে মামলার আসামি করা হয়েছে।

দুদকের অভিযোগ, আসামিরা পরস্পরের যোগসাজশে জালিয়াতি ও প্রতারণার পাশাপাশি ক্ষমতার অপব্যবহার করে ব্যাংকের ১ কোটি ৯৫ লাখ টাকা আত্মসাৎ করেন। পরবর্তীতে ওই অর্থ স্থানান্তর ও পাচারের সঙ্গে সংশ্লিষ্ট অপরাধও সংঘটিত হয়েছে বলে অভিযোগ করেছে সংস্থাটি।

এদিকে অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে একাত্তর টেলিভিশনের সাবেক হেড অব নিউজ শাকিল আহমেদ ও সাবেক বিশেষ প্রতিনিধি ফারজানা রুপাকে সম্পদের হিসাব জমা দিতে নোটিশ দিয়েছে দুদক।

দুদক সূত্র জানিয়েছে, অন্য একটি মামলায় শাকিল আহমেদ ও ফারজানা রুপা বর্তমানে কারাগারে রয়েছেন। এ কারণে সংশ্লিষ্ট পুলিশ সুপারের মাধ্যমে তাঁদের কাছে সম্পদ বিবরণী দাখিলের নোটিশ পৌঁছে দেওয়া হবে।